গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০৩৩.১৯(অংশ).৩২০ তারিখ : ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

**বিষয় : জেলা রেজিস্ট্রারগণের ই-অ্যাপস্টিল আইডিতে পেন্ডিং আবেদনসমূহ নিষ্পত্তির নিমিত্ত নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

সূত্র : (১) এ বিভাগের বিচার শাখা-৬ এর গত ১৪-০৬-২০২৬ খ্রি. তারিখের স্মারক নম্বর ১০.০০.০০০০.১৩০.৯৯.০০২.১৮.২৪৪
(২) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, মাইগভ টিম কর্তৃক গত ২৪-০৮-২০২৬ খ্রি. তারিখে প্রেরিত তথ্য।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, এ বিভাগের বিচার শাখা-৬ এর সূত্রোক্ত ০১ নং স্মারকপত্র মোতাবেক ই-অ্যাপস্টিল প্রক্রিয়ায় সত্যায়নের জন্য দাখিলকৃত নিকাহনামা, তালাকনামা এবং এ সংক্রান্ত অন্যান্য কাগজাদির যাচাই প্রক্রিয়া সেবা প্রার্থী কর্তৃক www.mygov.bd লিংক-এ আবেদন করার তারিখ হতে সর্বোচ্চ ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সম্পন্ন করার জন্য সকল জেলা রেজিস্ট্রারকে নির্দেশ প্রদান করা হয়। জেলা রেজিস্ট্রারগণের ই-অ্যাপস্টিল আইডিতে সত্যায়নের জন্য দাখিলকৃত পেন্ডিং আবেদন সংক্রান্তে এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, মাইগভ টিম কর্তৃক গত ২৪-০৮-২০২৬ খ্রি. তারিখে প্রেরিত তথ্য পর্যালোচনায় দেখা যায়, দেশের বিভিন্ন জেলা রেজিস্ট্রার কার্যালয়ে এ সংক্রান্তে উল্লেখযোগ্য সংখ্যক আবেদন পেন্ডিং রয়েছে। এর ফলে সেবাগ্রহীতা নাগরিকগণ নানবিধ হয়রানির শিকার হচ্ছেন।

বর্ণিতাবস্থায়, নিকাহনামা, তালাকনামা এবং এ সংক্রান্ত অন্যান্য কাগজাদি সত্যায়নের জন্য জেলা রেজিস্ট্রারগণের ই-অ্যাপস্টিল আইডিতে দাখিলকৃত পেন্ডিং আবেদনসমূহ আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে বিধিমত নিষ্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

25.08.26
(মোহাম্মদ আযিযুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২-৪১০৫২১৭২

(১) জেলা রেজিস্ট্রার................................(সকল)।
(২) নিকাহ্ রেজিস্ট্রার...............................(সকল)

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০৩৩.১৯(অংশ).৩২০/১(৫) তারিখ : ২৫-০৮-২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। কনসালটেন্ট (মাইগভ), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, মাইগভ টিম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি/গার্ড ফাইল।

25.08.26
(মোহাম্মদ আযিযুর রহমান)
সিনিয়র সহকারী সচিব